শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব শতবর্ষ

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১

তপসীডাঙ্গা, যশোর

pbs1.jessore.gov.bd

স্মারক নং-২৭.১২.৪১৪৭.৫১০.০২.০০৮.২২. ৪৭৮৮ তারিখঃ ২২ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ। ০৬ আগষ্ট, ২০২২ খ্রিস্টাব্দ।

# নিয়োগ বিজ্ঞপ্তি

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ নিম্নবর্ণিত শূন্য পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে আগ্রহী প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে বিজ্ঞপ্তিতে উল্লেখিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন পত্র আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদ সংখ্যা | বয়স | বেতন স্কেল | জেলা কোটার প্রাপ্যতা না থাকায় যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই। |
|---|---|---|---|---|---|
| ০১ | ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত) | ০১ (এক) টি | ২৫/০৮/২০২২ খ্রিঃ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ বছর হতে সর্বোচ্চ ৩০ বছর। | পবিস বেতন কাঠামো'২০১৬ (সংশোধিত ২০২১) অনুযায়ী বেতন স্কেল- ১৮,৩০০/- হতে ৪৬,২৪০/- সহ পবিস নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী অন্যান্য ভাতাদি প্রদেয়। | ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, খুলনা, সাতক্ষীরা, বাগেরহাট, যশোর, ঝিনাইদহ, কুষ্টিয়া, মাগুরা, নড়াইল, চুয়াডাঙ্গা, মেহেরপুর ঝালকাঠী ও বরগুনা জেলা। |

**শর্তাবলীঃ**

০১। আবেদনকারীগণকে যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েব সাইট (www.Pbs1.jessore.gov.bd)/ বাপবিবোর্ডের ওয়েব সাইট www.reb.gov.bd) হতে নির্ধারিত আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ফরম নং-০১) ডাউন লোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পুরণ করে আগামী ২৫/০৮/২০২২খ্রিঃ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, তপসীডাঙ্গা, যশোর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। সাদা কাগজে বা সরাসরি টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বিবেচিত হবে না।

০২। **শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতাঃ**

(ক) উচ্চ মাধ্যমিক (এইচ,এস, সি) সার্টিফিকেট পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ অথবা জিপিএ-৫ এর মধ্যে ২.৫০ সমমান থাকতে হবে। শিক্ষা জীবনে কোন স্তরে ৩য় বিভাগ অথবা জিপিএ ২.৫০ এর নীচে গ্রহণযোগ্য হবে না।
(খ) প্রার্থীকে কম্পিউটারে বাংলা ও ইংরেজী টাইপে প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ৩০ শব্দের গতির দক্ষতা সম্পন্ন হতে হবে।
(গ) প্রার্থীকে কম্পিউটারের উপর পর্যাপ্ত জ্ঞান এবং কম্পিউটার অপারেটিং সিস্টেম পরিচালনায় দক্ষতা সম্পন্ন হতে হবে।
(ঘ) প্রার্থীকে শুদ্ধ বাংলা ও ইংরেজী ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্ন ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান সম্পন্ন হতে হবে।
(ঙ) সুন্দর ও সু-শৃঙ্খলভাবে কাজ করার সামর্থ থাকতে হবে।
(চ) নথি যোগাযোগ, তথ্য ও ফাইল ডাটা সংরক্ষণের সঠিক পদ্ধতি সম্পর্কে জ্ঞান থাকতে হবে।
(ছ) ওয়ার্ড প্রসেসিং, প্রিন্টিং, কম্পিউটারের মৌলিক ও পর্যাপ্ত জ্ঞান সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

০৩। ২৫/০৮/২০২২ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বছর হতে হবে। বয়স প্রমাণে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৪। প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হলে সেক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

০৫। **আবেদন পত্রের সংগে নিম্নোক্ত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবেঃ**

(ক) স্থানীয় ইউনিয়ন পরিষদ/ পৌরসভার চেয়ারম্যান/মেয়র বা ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত জাতীয়তা ও চারিত্রিক সনদ পত্র।
(খ) সাম্প্রতিককালে তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।
(গ) শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত ফটোকপি।
(ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
(ঙ) অভিজ্ঞতার সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
(চ) জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, তপসীডাঙ্গা, যশোর এর অনুকূলে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট অথবা ক্রসড পোস্টাল অর্ডার সংযুক্ত করতে হবে।

০৬। আবেদন পত্রের সাথে সংযুক্ত সকল কাগজ পত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ও নাম পদবী সম্বলিত সীল থাকতে হবে।

অপর পাতা

০৭। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

০৮। নিয়োগের ক্ষেত্রে সকল ধরনের সরকারি কোটা নীতি অনুসরণ করা হবে।

০৯। নিয়োগকালে মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানদের সন্তানগণের ক্ষেত্রে সরকার নির্ধারিত কোটা সংরক্ষণ করা হবে। তবে সে ক্ষেত্রে আবেদনপত্রের সাথে সরকারি নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।

১০। ইতোপূর্বে কোনো পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/ বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী কারো উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।

১১। অত্র সমিতির বোর্ড পরিচালক/ মহিলা পরিচালক/ কর্মকর্তা/ কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেহ অথবা তাদের স্বামী/ স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেহ আবেদন করতে পারবেন না।

১২। প্রার্থীকে বাংলাদেশের যে কোনো পল্লী বিদ্যুৎ সমিতিতে চাকুরী করতে সম্মত থাকতে হবে।

১৩। অসম্পূর্ণ এবং ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে।

১৪। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে তার বিরুদ্ধে কোনো প্রকার তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে বরখাস্তকরণ সহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় এক বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশনে থাকাকালীন সময়ে অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন, বাৎসরিক কর্মমূল্যায়ন এবং পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে শর্ত সাপেক্ষে পবিসের নিজস্ব স্যালারী প্যাটার্ণ এর নির্ধারিত বেতন পরিধিতে চাকুরী নিয়মিত করা হবে।

১৭। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত কোনো পদে নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোনো জেলা কোটা পূরণ হলে সে জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।

১৮। নতুন পদসৃষ্টি, পদোন্নতি, বদলী, কর্মচারীর অবসর গ্রহণ, মৃত্যু, পদত্যাগ অথবা অপরগতা ইত্যাদি কারণে উল্লিখিত শূন্য পদের সংখ্যা পরিবর্তন হতে পারে।

১৯। খামের উপর প্রার্থীত পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে। প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হলে খামের উপর তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

২০। অত্র নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে নিয়োগ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নহে।

২১। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(আবু বকর শিকলী) 6/8/22
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা (সদয় অবগতির জন্য)।
০২। পরিচালক, পবিস মঃও ব্যঃ পরিচালন (পঃঅঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা **(বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।**
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার--------------------পবিস-১/২/৩/৪।
০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, যশোর।
০৬। ডিজিএম (সদর-কারিঃ/বাঘারপাড়া/ঝিকরগাছা/চৌগাছা/শার্শা)জোনাল অফিস, যপবিস-১।
০৭। এজিএম (বাগআঁচড়া/বাঁকড়া/রুপদিয়া/খাজুরা/বেনাপোল/পুড়াপাড়া) সাব-জোনাল অফিস, যশোর পবিস-১।
০৮। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/রাজস্ব/এমএস/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি), যপবিস-১।
০৯। এজিএম(আইটি), যশোর পবিস-১ **(অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।**
১০। নোটিশ বোর্ড, যশোর পবিস-১।
১১। অফিস কপি/মাস্টার কপি।

বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের উদ্দেশ্যে আপনার নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

(আবু বকর শিকলী) 6/8/22
জেনারেল ম্যানেজার
Rouf

পমাসপ ১১০-০০২ ভার্সস-০১
অনুমোদিতঃ ২৪/০৪/২০১৪ খ্রিঃ
ফরম নং- পমাসপ ১১০-০০২, ভার্সন-০১

**যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ ডাটা এন্ট্রি অপারেটর পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম।**
**(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)**

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
তপসীডাঙ্গা, যশোর।।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-......................

........................................
২. আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

........................................
৩. পদের ধরনঃ

................................................
৪. বিজ্ঞাপনের সূত্র / পত্রিকার নাম

........................................................
৫. প্রকাশনার তারিখ

................................................
৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

..........................................
(ইংরেজীতে বড় হাতের অক্ষরে)

..........................................................................
৭. জন্ম তারিখ (এস.এস.সি. পরীক্ষার সনদ/জন্মনিবন্ধন অনুযায়ী)

................................................
৮. পিতার নাম

.........../............/.............(দিন/মাস/বছর)
৯. বয়স (২৫/০৮/২০২২খ্রিঃ তারিখে)

.....................................................
১০. মাতার নাম

...................................................................
১১. ধর্ম

.....................................................
১২. জাতীয়তা

...................................................................
১৩. নিজ জেলা

.........................................
১৪. টেলিফোন / মুঠো ফোন নম্বর

১৫. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. স্থায়ী ঠিকানাঃ

..........................
ক. গ্রাম/সড়ক/বাড়ী

.......................
খ. ডাকঘর

.........................
গ. উপজেলা/থানা

...............................
ঘ. জেলা

১৭. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতরে খালি অংশে টিক (√) দিন ঃ

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | মহিলা | | মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা | | মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা | | এতিম ও শারীরিক প্রতিবন্ধি |

Rouf

১৮. যে ঠিকানায় প্রার্থী নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

| ......................... | ...................... | ......................... | ............................... |
|---|---|---|---|
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

**১৯. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পুরণ করতে হবে):**

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | জিপিএ /বিভাগ/ শ্রেণী | | সার্টিফিকেট/ ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | জিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/ শ্রেণী/ গ্রেড | |
| | | | | |
| | | | | |

**২০. অভিজ্ঞার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে):**

**২০. প্রাক্তন ও বর্তমান চাকুরী কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):**

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর / পদের নাম ও বেতনক্রম | যোগদানের তরিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

**২১. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):**

| নাম, পদবী / পেশা, ঠিকানা, টেলিফোন/ মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) | |
|---|---|
| ১। | |
| ২। | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি, তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবে এবং আমার বিরুদ্ধে পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

| ................................... | ............................................. |
|---|---|
| তারিখ | আবেদনকারীর স্বাক্ষর |

# যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১

তপশীডাঙ্গা, যশোর।

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

লিখিত ও মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

## প্রবেশ পত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ ..................................................

পরীক্ষার তারিখ ঃ ..................................................

পরীক্ষার সময় ঃ ..................................................

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ ..................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা ঃ ..................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ঃ ....................

(প্রার্থী/ আবেদনকারী কর্তৃক পূরণীয়)

পদের নাম ঃ ..................................................

প্রার্থীর নাম ঃ ..................................................

..........................................................................................

..........................................................................................

..........................................................................................

# প্রার্থী/ আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলী

১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।

২। নির্ধাতিে সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ১৫.০০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/ কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ এবং মুঠো ফোন ও ক্যামেরা সঙ্গে রাখা সম্পূর্ণ নিষিদ্ধ। তবে পরীক্ষার হলে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে, সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫। চাকুরীর আবেদনপত্রের সঙ্গে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৭। উল্লেখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর পবিস কর্তৃপক্ষ/বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

..............................................

অফিস প্রধানের স্বাক্ষর ও সীল